

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 17 April, 2025

ঢাকা মহানগর আওয়ামী লীগের কার্যনির্বাহী সদস্য ও ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক শাহে আলম মুরাদকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)।

আজ বৃহস্পতিবার সকালে উত্তরা এলাকা থেকে শাহে আলমকে গ্রেপ্তার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ডিএমপির গোয়েন্দা বিভাগের যুগ্ম কমিশনার রবিউল হোসেন ভূঁইয়া।

রবিউল হোসেন বলেন, শাহে আলমের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে।

গত ৫ আগস্ট শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারকে ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত করা হয়। এর পর থেকে আওয়ামী লীগের নেতা-কর্মীরা পলাতক ও আত্মগোপনে দেশে, বিদেশে অবস্থান করছেন। তাঁদের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে।

আওয়ামী লীগ সরকার নেতা